

Welland Gouldsmith School, Bowbazar

Class 8

Subject Bengali 2nd language

Worksheet

গল্প

অভাগা সঙ্গী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

- কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত তার বিখ্যাত উপন্যাস 'শ্রীকান্ত' থেকে গৃহীত পাঠ্যাংশের গল্পাংশটি।
- ভবঘুরে শ্রীকান্ত নানা দেশ বিদেশ ঘুরে বহুদিন পর নিজের চেনা গাঁয়ে ফিরেছে। সেখানেই কেটেছে তার ছেলেবেলা। অলিগলি, পুরোনো প্রতিবেশির বাড়ির মধ্যে লুকিয়ে আছে তার বাল্যকাল।
- গ্রামের পথে পথে ঘুরে যখন শ্রীকান্ত নিজের ছেলেবেলার স্মৃতি খুঁজতে ব্যস্ত, হঠাৎ তার নাকে আসে একটি ফুলের সুমিষ্ট সুগন্ধ। ঘুরে দাঁড়াতেই ভিড় করে আসে অনেক স্মৃতি। যশোদা বৈষ্ণবীর লাগানো এই আউশফুলের গাছ, তার ছোটবেলার সাক্ষী।
- বোষ্টম ঠাকুরের মৃত্যু পর যশোদা বৈষ্ণবী তার স্বামীর সমাধি ওই আউশফুলের গাছে নিচেই রেখেছিলেন। ছোটবেলায় কথক ও তার বন্ধুরা অনেক সাধ্যসাধনা করলেও যশোদা তাদের ওই আউশফুল ছিঁড়তে দিতেন না। একাকী জীবনধারণ করছিলেন স্বামীর রেখে যাওয়া মনোহারি দোকানটিকে সম্বল করে।
- শ্রীকান্ত যখন ফিরে আসে তার আগেই যশোদা বৈষ্ণবী মারা গেছেন। তার ছোট্ট কুটিরটি তখনো পুরোপুরি ধূলিসাৎ হয়নি। শতজীর্ণ, শতছিদ্র নিয়ে কোনোমতে রয়ে গেছে।
- হঠাৎ ওই ধূলিসাৎ প্রায় কুটির থেকে বেরিয়ে আসে একটি কঙ্কালসার কুকুর। গলার ফুলকাটা বগলস দেখে কথক বুঝতে পারে এটি নিঃসন্তান যশোদা বৈষ্ণবীর একমাত্র মেহের ধন।
- আর পাঁচটা কুকুরেও মত সে কেড়ে খেতে শেখেনি। তাই বাইরের পরিবেশে সে মানিয়ে নিয়ে লড়াই করতে যায়নি। এই ভাঙা কুটিরে সে অপেক্ষা করে আছে। যে অপেক্ষার কোনো শেষ নেই।
- কুকুরটিকে দেখে কথক নিজের সাথে মিল পান। জগতের কেউ এই দুজনের জন্য অপেক্ষা করে নেই। কোথাও নিজের সাথে এই সায়ুজ্য দেখে কথকের মনে কুকুরটির দুঃখ অনুভূত হল, তার চোখ জলে ভরে গেল।
- এই ভাবে কথক যশোদা বৈষ্ণবীর আদরের ধন কুকুরটির তখনকার নিঃসঙ্গতার সঙ্গে নিজের তুলনা খুঁজে পেয়েছিল। কুকুরটি এখানে অভাগা কারণ তাকে যত্ন করার মানুষটি হারিয়ে গেছে, আর ফিরে আসবে না। কুকুরটি নিজে সেই ক্ষমতার অধিকারী হয়ে ওঠেনি যে সে কেড়েকুড়ে খাবে।

★★ প্রতিটি প্রশ্নের সব পার্টের উত্তর দাও। প্রতিটি প্রশ্নের পাশে পাট নং লিখতে হবে। শুধু প্রথম পার্টের আগেই আলোচ্য উদ্ধৃতিটি কার লেখা কোন গল্প/কবিতা উল্লেখ করা জরুরি। সব প্রশ্নের নম্বর 2+2+3+3

১. 'পথ ছাড়িয়া সেই শৈশবের পরিচিত বুড়ো গাছটির কাছে গিয়া দাঁড়াইলাম।'

- ক) কি গাছ?
- খ) কে, কোথায় লাগিয়েছিল?
- গ) গাছটির ফুল কেন সে ছিঁড়তে দিত না? তার দিন কিভাবে চলত?
- ঘ) কথকের কাছে গাছটি কেন এত মূল্যবান হয়ে ওঠে?

২. ' যশোদার ছোট্ট ঘরটি এখনও ভূমিসাৎ হয় নাই'

- ক) যশোদা কে?
- খ) তার ঘরটি আগে কেমন ছিল?
- গ) বহুদিন পর ঘরটির কি রকম দশা হয়েছিল ও কেন?
- ঘ) সেখান থেকে কাকে কি অবস্থায় বেরিয়ে আসতে দেখা গেল?

৩. ' সেই কুকুরটা একটুখানি সঙ্গে সঙ্গে আসিয়া খামিল।'

- ক) কোন কুকুর?
- খ) সে কোথায় থাকছিল?
- গ) তার চেহারার বর্ণনা দাও, কেন এই চেহারা হয়েছিল তার?
- ঘ) কথকের সঙ্গে সে এগিয়ে এল কেন? সে সময় কথকের কি উপলব্ধি হয়েছিল?

★★ পাঠ্য বই থেকে ব্যাকরণ-বিষয়ক প্রশ্ন লেখ

- ২) শব্দার্থ লেখ।
- ৩) পদান্তর কর।
- ৫) বাক্যগঠন কর।

★★ব্যাকরণ

১. বিপরীত শব্দ লেখ

জয়, সাড়, আয়, জীবন, গৃহী, জীবিত, হ্রাস, পণ্ডিত, অন্যায়, আলো

২. পদান্তর কর

জ্ঞান, পাপ, আলো, মেঘ, দারিদ্র্য

৩. বাগধারা গুলির অর্থ লিখে বাক্যরচনা কর।

পটল তোলা, অগস্ত্য যাত্রা, ভিজে বেড়াল, হাতটান, কপাল ফেরা।*****